

## উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ: ২৩/০৮/২০২১ খ্রিঃ তারিখ, মোজ- সোমবার

সভার সময়: সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান: ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট এর অফিস কক্ষ

সভাপতিঃ জনাব মোঃ ইকবাল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট

### উপস্থিত সদস্যবৃন্দ পরিষিট- “ক”

সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভাশুরুকরা হয়। সকলের উপস্থিতিতে বাগেরহাট জেলার মোংলা উপজেলার সমাজকল্যাণ কমিটির সভায় নিম্নোক্তালোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনার বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
<p>১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ আলোচনার শুরুতে অত্র কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন ধরণের সংশোধনী থাকলে উপস্থাপনের জন্য সম্মানিত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন।</p>	<p>১। কোন ধরণের সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</p>	<p>১। উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট ও সদস্য সচিব, উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি</p>
<p>২। জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাকে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত আলোচনাটি কমিটির সদস্য সচিব আরও জানান যে, সমাজসেবা অধিদফতরের আওতায় জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে নির্বাচিত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে প্রতি বছর আর্থিক অনুদান প্রদান করা হয়ে থাকে। বছরের একটি নির্দিষ্ট সময় আগ্রাহী স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে আবেদন প্রেরণ করা হয় এবং অধিকতর যাচাই-বাচাই শেষে উপজেলা সমাজকল্যাণ পরিষদের সভায় আবেদনগুলো অনুমোদন করিয়ে জেলা সমাজকল্যাণ পরিষদে প্রেরণ করা হয়। ২০২০-২১ অর্থবছরে মোংলা উপজেলার ০২ টি স্বেচ্ছাসেবী সংস্থাকে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে সর্বমোট ২০,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে ইতোমধ্যে সংস্থাগুলোর কাছ থেকে আবেদন পাওয়া গেছে। আবেদনকারীর মধ্যে নারসর্বৰ কিছু প্রতিষ্ঠান আছে। যারা জনকল্যাণে কাজ করে সেই সব সংস্থাকে জেলা সমাজকল্যাণ পরিষদে পাঠানোর জন্য উপজেলা সমাজকল্যাণ পরিষদে সুপারিশ পাঠানো যায় কিনা সেই বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন।</p>	<p>২। উপস্থিত সদস্যরা এই বিষয়ে তাদের মতামত প্রদান করেন। দীর্ঘ আলোচনা শেষে যেসব প্রতিষ্ঠান জনকল্যাণে কাজ করে তাদেরকে অধ্যাধিকার প্রদানের জন্য উপজেলা সমাজকল্যাণ পরিষদে সুপারিশ পাঠানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</p>	<p>২। উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট ও সদস্য সচিব, উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি</p>

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

(মোঃ ইকবাল হোসেন)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

মোংলা, বাগেরহাট

ও

সভাপতি

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি

স্মারক নম্বর: ৪১.০১.০১৫৮.০০০.০৩৯.১৮.২৫৮

তারিখ: ২৩/০৮/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।

২। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট।

৩। অফিস কপি।

(এস এম মাসুদ রানা)

উপজেলা সমাজসেবা অফিসার

মোংলা, বাগেরহাট

ও

সদস্য সচিব

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি